

ছাত্রীকে অপহরণের অভিযোগ মাদরাসা সুপারের বিরুদ্ধে

গাইবান্ধা
প্রতিনিধি

০৩
সেপ্টেম্বর,
২০২৩
১৮:০২

শেয়ার

অ +

অ -



গাইবান্ধা সদর উপজেলার লক্ষ্মীপুর ইউনিয়নের লেংগা বাজার আদর্শ দাখিল মাদরাসার সুপার মো. খলিলুর রহমানের বিরুদ্ধে ছাত্রী অপহরণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় অপহৃত ছাত্রীর পিতা এজাহার দাখিল করেছেন।

এজাহার ও এলাকাসীরা অভিযোগে জানা গেছে, লেংগা বাজার আদর্শ দাখিল মাদরাসায় একই ইউনিয়নের মৌজা মালিবাড়ী (দুলারভিটা) গ্রামের এক ছাত্রী লেখাপড়া করতো। একপর্যায়ে ওই ছাত্রীর প্রতি আকৃষ্ট হয় মাদরাসার সুপার খলিলুর রহমান।

এ খবর জানাজানি হলে ওই ছাত্রীর অভিভাবকরা গত তিনমাস আগে তার বিয়ে দিয়ে দেয়। এরপরও ওই ছাত্রীর স্বামীর বাড়িতে যাতায়াত শুরু করেন

সুপার। পরে তার প্ররোচনায় তালাক হয়ে যায়। এরপর গত ১৭ আগস্ট সুপার তার লোকজন দিয়ে ওই ছাত্রীকে অপহরণ করে নিয়ে যায়।

কিন্তু দীর্ঘ ১৭ দিনেও তাকে খুঁজে না পেয়ে তার পিতা মো. আউয়াল মিয়া সদর থানায় একটি এজাহার দাখিল করেছেন।

এ বিষয়ে এজাহারকারী আউয়াল মিয়া মোবাইল ফোনে জানান, তার মেয়ের সঙ্গে মাদরাসার সুপার খলিলুর রহমান প্রেমের সম্পর্ক ছিল। এটি বুঝতে পেরে মেয়েকে সাদুল্যাপুরে বিয়ে দিয়ে দেন তিনি। তারপরও সুপার তার মেয়ে স্বামীর বাড়িতে যাতায়াত করতেন।

পরে মেয়ের স্বামী ও তার পরিবার ক্ষিপ্ত হয়ে আমার মেয়েকে তালাক দেয়। এ খবর জানাজানি হওয়ার পর থেকে ওই মাদরাসায় শিক্ষার্থীর উপস্থিতি কমে গেছে। তিনি মাদরাসা সুপারের শাস্তি দাবি করেন।

এ ব্যাপারে সদর থানার অফিসার ইনচার্জ মো. মাসুদ রানা বলেন,

‘মাদরাসা সুপারের বিরুদ্ধে এজাহার করেছেন ছাত্রীর পিতা। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।